108

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 0.1.JAN 1995 ... ..
পৃষ্ঠা 12 কলাম 7

# আজ ঢাকা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকদের প্রতীক কর্মবিরতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের শিক্ষক নুরান আহমেদ হত্যাকাণ্ডের সহিত জড়িতদের চিহ্নিত ও গ্রেফতার না করার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ আজ (সোমবার) ও আগামীকাল (মঙ্গলবার) প্রতীক কর্মবিরতি পালন করিবেন। শিক্ষক সমিতি এই সময়ে পরীক্ষা-সমূহ কর্মবিরতির আওতামুক্ত ঘোষণা করিয়াছে।

এদিকে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ এস, এম, নজরুল ইসলাম ও সাধারণ সম্পাদক ডঃ মোঃ হাবিবুর রহমান গতকাল এক বিবৃতিতে শিক্ষক নুরান আহমেদ হত্যাকাণ্ডের সহিত জড়িতদের সনাক্ত করিয়া দৃষ্টান্ত-মূলক শাস্তি প্রদানের দাবী জানাইয়াছেন।